উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

**জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্য-বিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব বিজন কুমার চন্দ; চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১৯ জুন, ২০২৪ খ্রিঃ |
| সময় | : | বিকাল: ৩.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে জামালপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা জনাব জিন্নাত শহীদ পিংকি উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা ও জামালপুর-০৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আবুল কালাম আজাদ মহোদয়, জামালপুর পৌরসভার মেয়র মহোদয়সহ উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে বলেন যে, ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে জনাব বিজন কুমার চন্দ, ভাইস চেয়ারম্যান পদে জনাব আখতারুজ্জামান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে জনাব নাজনীন আক্তার গত ১১/০৬/২০২৪খ্রিঃ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ শপথ গ্রহণ করেন। তিনি উপস্থিত সকলকে নির্বাচিত জনপ্রতিনিধিদের সাথে পরিচয় করিয়ে দেন এবং সভার কাজ আরম্ভ করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব বিজন কুমার চন্দ স্বাগত বক্তব্যে বলেন যে, জামালপুর সদর উপজেলা পরিষদের জুন/২৪ মাসের মাসিক সমন্বয় সভায় আমাদের মাঝে উপস্থিত হয়ে কৃতজ্ঞতা বন্ধনে আবদ্ধ করেছেন জামালপুর সদর উপজেলা পরিষদের মূখ্য উপদেষ্টা জামালপুর সদর আসন থেকে নির্বাচিত মাননীয় সংসদ সদস্য আমাদের সকলের শ্রদ্ধাভাজন জনাব আবুল কালাম আজাদ এমপি মহোদয়। উপস্থিত হয়েছেন জামালপুর পৌরসভার সফল মেয়র আলহাজ্ব মোঃ ছানোয়ার হোসেন ছানু, উপস্থিত আমার সহকর্মী ভাইস চেয়ারম্যানদ্বয়, উপস্থিত রয়েছেন জামালপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের নির্বাচিত চেয়ারম্যানবৃন্দ, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের দায়িত্বে কর্মরত কর্মকর্তাবৃন্দ সবাইকে উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসাবে শুভেচ্ছা অভিনন্দন ও সালাম জানান। নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, ইউপি চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের দায়িত্বে সম্মানিত কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন আমাদের সম্মানিত অভিভাবক জনাব আবুল কালাম আজাদ এম পি মহোদয় জামালপুর সদর উপজেলাকে একটি সমৃদ্ধ স্মার্ট উপজেলা গড়ার যে স্বপ্ন দেখেন সে স্বপ্ন বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সততা, নিষ্ঠা এবং আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার জন্য বিভাগীয় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগীতা প্রত্যাশা করেন। এছাড়া তিনি ইউপি চেয়ারম্যানবৃন্দেদের উদ্দেশ্যে বলেন যে, প্রান্তিক পর্যায়ে মানুষের যে প্রত্যাশা তা বাস্তবায়নের জন্য আজকে থেকে সকল ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করার মধ্যে দিয়ে আমরা প্রান্তিক পর্যায়ের মানুষের সেবার মান নিশ্চিত করতে হবে এবং সেবা তাদের দোরগোড়ায় পৌছে দিতে হবে। সবাইকে এক যুগে একে অপরের সাথে আন্তরিকতা, সহমর্মিতা ও টিম ওয়ার্কের মাধ্যমে গণ মানুষের কল্যাণে কাজ করে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য উপজেলা হয়ে উঠবে এটাই আমাদের সকলের প্রত্যাশা। স্বাগত বক্তব্য শেষে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মে/২৪ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। উপজেলা পরিষদ প্যানেল চেয়ারম্যান গঠন ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ সনের ৩০ জুন পর্যন্ত সংশোধিত) এর ১৮ ধারা অনুযায়ী ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারন নির্বাচনে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণের ৩০ দিনের মধ্যে প্রথম সভা আহবান এবং একই আইনের ১৫ ধারা অনুযায়ী প্যানেল চেয়ারম্যান গঠনপূর্বক স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য বলা হয়েছে। এ বিষয়ে দ্রুত সময়ের মধ্যে প্যানেল চেয়ারম্যান গঠনের জন্য নব নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে প্যানেল চেয়ারম্যান গঠনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, জামালপুর<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপু |

| | | |
|---|---|---|
| ২। উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠন ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ (১) ধারা মতে উপজেলা পরিষদ কর্তৃক ১৭টি বিষয়ে ১(এক)টি করে কমিটি গঠন করার জন্য বলা হয়েছে। ভাইস চেয়ারম্যানগণকে সভাপতি ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে সদস্য সচিব করে কমিটি গঠনের আহবান জানান। | বিস্তারিত আলোচনান্তে দ্রুত সময়ের মধ্যে ১৭টি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস চেয়ারম্যান (উভয়) |
| ৩। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ)। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট চার কিস্তির টাকা পাওয়া গেছে। চার কিস্তিতে মোট ৯৪,১৬,০০০ টাকা ধরে সর্বমোট (৪,২৯,৫৪,৫৪৯+৯৪,১৬,০০০) = ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তুর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। ইতোমধ্যে ১ম ধাপে তিন কোটি ষোল লক্ষ টাকার প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') অনুমোদন করে টেন্ডার আহবান করা হয়েছে এবং প্রকল্প কমিটির মাধ্যমে কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে প্রাপ্য টাকা সহ সর্বমোট ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তুর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা থেকে ১ম ধাপে বাস্তবায়নকৃত তিন কোটি ষোল লক্ষ টাকার কাজ শেষ রয়েছে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') প্রকল্প কমিটি এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজের গুণগত মান ঠিক রেখে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| ৪। স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুন, ২০২৪ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৪%, ৩য় ডোজ (বোস্টার) গ্রহণকারীর হার ৬৬.৩২% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৭.০৫%। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের জুন/২৪ মাসে আগত সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ১০,৩৩৮ জন। ৬৩টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ৩৯,৩৩০ জন। গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-১,৮৩৬ জন এবং প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-৪৬৮ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক আগত সকল ধরণের রোগীকে অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৫। কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান চলতি মৌসুমে মাঠে আউশ ধান ও পাট ফসল প্রধান ফসল হিসাবে বিদ্যমান আছে। আসন্ন আমন মৌসুমে উপজেলার মোট ২৮০০ কৃষক কৃষানীর মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরন করা হবে, বর্তমানে অগ্রাধিকার তালিকা প্রনোয়নের কাজ চলছে। ২০২৩-২৪ অর্থ বছরের কৃষি বিভাগের বরাদ্দকৃত প্রদর্শনী ও প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। কৃষি বিভাগের আওতায় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| **৬। মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা নিধন ও বিক্রি সংক্রান্ত আইন ৩০ জুন পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। গাবতলী ও ভুগলী বিলে বিল নার্সারী কার্যক্রম চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য যাবতীয় কার্যক্রম সরকারি নীতিমালার আলোকে পরিচালিত হচ্ছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম এবং বিল নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| **৭। প্রাণি সম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, ঈদুল আযহা/২৪ এ জামালপুর সদরে ১০১০৩টি গবাদি পশু কোরবানী হয়েছে এবং ৬২৩৮টি প্রস্তুতকৃত পশু উদ্বৃত্ত রয়েছে। চরাঞ্চলে প্রকল্পের আওতায় ছাগল ভেড়ার ঘর বিতরণ, হাঁস মুরগীর ঘর বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।পাশাপাশি হাঁস মুরগী বিতরণ কার্যক্রম শুরু হবে। এছাড়া গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৪১৫টি, হাঁস মুরগী ২৫,৩৩২টি, পোষা পাখি পশু-৩২টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৬৫০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ৫৭ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২ টি। এছাড়া গবাদি পশুকে টিকা প্রদান করা হয়েছে ১,২০০টি এবং হাঁস মুরগি ৫৩০০টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| **৮। পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জুন, ২০২৪খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৭০১০ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে -১২ জন। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -১৬ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) -৩৫ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-১৩ জনকে। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) -৭৯.৯৪% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৯। ত্রাণ ও পুনর্বাসনঃ**<br>ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা সভায় বলেন যে, ১ম পর্যায়ের টি.আর কাবিখা ও কাবিটার কাজ শেষ হয়েছে। এবং ২য় পর্যায়ের কাবিটার কাজ চলমান রয়েছে। এছাড়া ৪০ দিনের কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে এবং মনিটরিং জোরদার করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক টি.আর, কাবিখার কাজ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **১০। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, ঈদ উল আযহা উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। আগামী ৩০ জুন/২০২৪ থেকে এইচ.এস.সি/সমমানের পরীক্ষা শুরু হবে। এছাড়া সকল আইসিটি ও জীবন জীবিকা বিষয়ের সকল শিক্ষককে ৫দিন ব্যাপী প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, জামালপুর। |
| **১১। শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট/২৪ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ফাইনাল খেলা ছাড়া অন্যান্য পর্যায়ের খেলা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। সুষ্ঠুভাবে খেলা সম্পন্ন করার জন্য মেয়র জামালপুর পৌরসভা এবং ইউনিয়ন | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| পরিষদের চেয়ারম্যান গণের প্রতি আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য ব্যবহার অনুপযোগী পুরাতন ভবন নিলামের জন্য বিদ্যালয় এসএমসি কমিটি আবেদন দেন। বিদ্যালয়গুলো হলো নারায়নপুর সঃপ্রাঃ বিদ্যালয়, তিতপল্লা কানাইকুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ও লক্ষিরচর উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। তাছাড়া ঝড়ে পড়ে যাওয়ার জন্য নিম্নলিখিত বিদ্যালয় গুলোর বৃক্ষ নিলামে বিক্রয় করার জন্য বিদ্যালয় এসএমসির পক্ষ থেকে আবেদন করা হয়।<br>(ক) সিংহজানী মডেল সরকারি প্রাঃ বিদ্যালয়ে-০২টি (খ) নারায়নপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে-০২টি (গ) পলাশতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০১টি (ঘ) বামুনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে -০১টি এবং নাকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১টি গাছ। এছাড়া জানুয়ারী থেকে জুন/২৪ পর্যন্ত উপবৃত্তির টাকা নগদের মাধ্যমে মায়েদের মোবাইলে বিতরণ চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| **১২। মহিলা বিষয়ক বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১৩। সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি, হিজরা, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ৪র্থ কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তী অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। ভাতাভোগীদের গোপন পিন নম্বর ভাতাভোগীদের মোবাইলের ডিজিটাল চাবি স্বরুপ। যা অন্য কারো সাথে শেয়ার করা যাবে না। এছাড়া মৃত ব্যক্তিদের প্রতিস্থাপনের জন্য মৃত্যু সনদ অবশ্যই ডিজিটাল সনদ প্রদান করতে হবে। এছাড়া বিভাগীয় অন্যন্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সহ সরকারি বিধি মোতাবেক বিভিন্ন ভাতা দ্রুত প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউনিয়ন চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট কমিটি। |
| **১৪। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১৯,৮০,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,৮৩,৪৭৮ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ৩০০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তুর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতষট্টি লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ১৬। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন যে, জুন/২৪ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৬.২৫ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৪.২৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১১৩.৬৬ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১০০২.০৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| ১৭। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে এবং এর মধ্যে ৩১৫টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৭৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ৭৮টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ২০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং ১৮০টির বেসিনের কাজ অসম্পূর্ণ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| ১৮। খাদ্য বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| ১৯। বন বিভাগ:<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, জামালপুর এসএফএনটিসি, ময়মনসিংহ বন বিভাগ সভায় বলেন যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের জন্য বরাদ্দকৃত ৫,০০০ চারা বিতরণের জন্য প্রস্তুত রয়েছে। চলতি অর্থ বছরে বরাদ্দ অনুযায়ী বিক্রয় ও বিতরণের জন্য নার্সারীতে চারা উত্তোলন ও পরিচর্যার কাজ চলমান আছে। বিভিন্ন ইউনিয়নে অবৈধ করাতকল মালিকদের লাইসেন্স করার জন্য নোটিশ প্রদানের কাজ এবং আবেদন জমা নেওয়ার কাজ চলমান রয়েছে। মেয়াদোত্তীর্ণ বিভিন্ন সনের স্ট্রীপ বাগান কর্তনের জন্য মার্কিং এর কাজ চলমান আছে। বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ অনুযায়ী অবৈধভাবে বন্যপ্রাণী ও পাখি শিকার, ক্রয় বিক্রয় বন্ধে অভিযান অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | অত্র দপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ২০। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকার ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মধ্যে ০৩টি প্রকল্পের বাস্তবায়ন কাজ প্রায় শেষ পর্যায়ে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের প্রকল্প গুলো সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| | হালনাগাদ করার জন্য তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | |
| ২১। বিএডিসি (সেচ)<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ২২। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর |
| ২৩। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ২৪। পল্লী সঞ্চয় ব্যাংক:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ব্রাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর। |
| ২৫। উপজেলা পরিসখ্যান বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিসখ্যান কর্মকর্তা, জামালপুর সদর। |
| ২৬। গ্রাম আদালত সংক্রান্ত:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা সমন্বয়কারী<br>উপজেলা গ্রাম আদালত |
| ২৭। উপজেলা শিল্পকলা একাডেমি:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | কার্যকরি সদস্য, উপজেলা শিল্পকলা একাডেমি। |
| ২৮। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা:<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের আওতায় সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জামালপুর সদর। |
| ২৯। বিবিধ:<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৩) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৪) আসবাবপত্র ক্রয় ও মেরামত। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামতের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| (খ) হাটবাজার সম্পর্কিত: সভায় ১৪৩০-৩১ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা (১) মেষ্টা ইউনিয়নের হাজীপুর বাজারের শৈলেন্দ্র সাহার দোকানের সামনে থেকে রাস্তা সংস্কার বাবদ ১,১৭,০০০ টাকা এবং ১০% অর্থ দ্বারা (২) হাজীপুর বাজারের অভ্যন্তরে ড্রেন সংস্কার বাবদ ৭৮,০০০ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে (১) মেষ্টা ইউনিয়নের হাজীপুর বাজারের শৈলেন্দ্র সাহার দোকানের সামনে থেকে রাস্তা সংস্কার বাবদ ১,১৭,০০০ টাকা এবং হাজীপুর বাজারের অভ্যন্তরে ড্রেন সংস্কার বাবদ ৭৮,০০০ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |
| (গ) রাজস্ব তহবিল সংক্রান্ত : রাজস্ব তহবিলের ২৭ মে, ২০২৪ থেকে ১৮ জুন, ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (গ) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২ মে, ২০২৪খ্রিঃ থেকে ১৮ জুন, ২৪ খ্রিঃ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৪,৬১,৪১০ (চার লক্ষ একষট্টি হাজার চারশত দশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৯,০০০ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪২,৯৬০ |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২২,০০০ |
| বিদ্যুৎ বিল পরিশোধ | ৩০,০০০ |
| পরিষদের জীপ গাড়ীর জ্বালানী বিল | ৯৭,২২২ |
| আফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ৪৯,৮০০ |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ৪১,৬০০ |
| অফিস ও বাসাবাড়ী মেরামত | ৫২,১৫১ |
| প্রকাশনা খাত | ১৮,৩৪৪ |
| সর্বমোট | ৪,৬১,৪১০ |

মাননীয় সংসদ সদস্য মহোদয় তার বক্তব্যে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখার স্মারক নং-৭৩২, তারিখ: ০৮/০৮/১৬ মূলে উপজেলা পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার এবং উন্নয়ন/সমন্বয় সভা মাসের দ্বিতীয় সপ্তাহের বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত করার নির্দেশনা রয়েছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে যেহেতু গ্রাম আদালতসহ সংশ্লিষ্ট ইউনিয়নের অনেক দায়িত্ব পালন করতে হয় সেহেতু কাজের গতিশীলতা এবং সু-শৃঙ্খলতা রক্ষার স্বার্থে উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা ও উন্নয়ন/সমন্বয় সভা প্রত্যেক মাসের দ্বিতীয় সপ্তাহের বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া আগামী বর্ষা মৌসুমে জেলা পরিষদ এবং উপজেলা পরিষদ থেকে সম্মিলিতভাবে স্কুল কলেজ লেভেলের প্রত্যেকটি ছাত্র ছাত্রীদেরকে বৃক্ষ রোপনের জন্য ০২টি করে গাছ দেওয়া হবে। এবং প্রত্যেকটি ইউপি চেয়ারম্যানগণকে তার ইউনিয়নে কমপক্ষে ১০ কিলোমিটার রাস্তায় গাছ রোপণ ও পরিচর্যার ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করেন। তিনি সভায় আরো বলেন যে, শিক্ষা কার্যক্রমকে আদর্শ স্থানীয় শিক্ষা ব্যবস্থা হিসাবে চালু করতে হবে। যেখানে কোন কোচিং থাকবে না। কোচিং সেন্টারগুলোকে সরকারের স্কিল ডেপলপমেন্ট সেন্টার হিসাবে কাজে লাগাতে হবে। কমিউনিটি ক্লিনিকগুলো ঠিকমতো চলে কিনা সেগুলো খেয়াল রাখতে হবে। কোন কোন জায়গায় নতুন কমিউনিটি ক্লিনিক প্রয়োজন সেখানে স্বেচ্ছায় জমি দাতা পাওয়া গেলে তার তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, উপজেলাটি আমাদের সকলের। তাই সকলের কাছে আমার অনুরোধ রইলো যে, আমরা আমাদের উপর অর্পিত দায়িত্ব আন্তরিকতা, সততা এবং নিষ্ঠার সাথে পালন করার মধ্য দিয়ে আমরা আমাদের কাঙ্খিত স্বপ্নের উপজেলা গড়ে তুলি। জনপ্রতিনিধিসহ সকল বিভাগের কর্মকর্তা যারা রয়েছেন মাননীয় সংসদ সদস্য মহেদয়ের মাধ্যমে এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সার্বিক সহযোগীতার প্রত্যাশা করেন। সকলের আন্তরিক প্রচেষ্ঠার মাধ্যমে ভবিষ্যত প্রজন্মের জন্য একটি সমৃদ্ধ উপজেলা গড়ে তোলা সম্ভব বলে তিনি সভার সমাপ্তি ঘোষনা করেন

(বিজন কুমার চন্দ)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৪- তারিখ: ১৯ জুন, ২০২৪ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা.......................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান .................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd